দৈনিক বাংলা

তারিখ 10 DEC 1993
পৃষ্ঠা ৮ কলাম ৩

35

# ঢাকা ভার্সিটিতে ভর্তির নিয়ম

আমি ১৯৯২ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় ১ম শ্রেণীতে স্টার মার্ক পেয়ে পাস করে ১৯৯২-৯৩ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) শ্রেণীতে ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করি। মেধাতালিকায় ৪১৯ ক্রমিকে থাকা সত্ত্বেও বাংলায় ৫ নম্বর কম থাকায়, (অর্থনীতিতে আমি ১৭ নম্বর পেয়েছি) আমাকে আমার পছন্দ মতো "বিষয়" না দিয়ে ভর্তি কমিটি আমাকে ইসলামিক স্টাডিতে ভর্তির জন্য মনোনয়ন দেয় অথচ ভর্তি পরীক্ষায় ন্যূনতম ৩৩ না পেয়ে বর্তমানে উক্ত শিক্ষাবর্ষে রাষ্ট্র বিজ্ঞান, আন্তর্জাতিক সম্পর্ক, লোক প্রশাসন, সমাজ বিজ্ঞান, ব্যবস্থাপনা বিভাগ ও অর্থনীতিতে পড়ালেখা করছে আমাদের সাথে অনেকে এটা কিভাবে সম্ভব হলো?

"বিষয়" বদলানো যায় জেনে আমি ইসলামিক স্টাডিতে ভর্তি হই (ফটোকপি সংযুক্ত)। কিন্তু অনেক চেষ্টার পরেও "বিষয়" বদলাতে না পারায় আমি অর্থনীতি বা অন্য কোন ভালো বিষয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ে লেখাপড়ার সুযোগ থেকে বঞ্চিত হচ্ছি। কিন্তু প্রশ্ন হলো, ভর্তির ব্যাপারে এ ধরনের অনিয়মের ফলে দেশের সর্বোচ্চ শিক্ষা প্রতিষ্ঠান ঢাকা বিশ্ববিদ্যালয়ের সুনাম কি ক্ষুণ্ণ হচ্ছে না? এবং অনেক ছাত্রছাত্রীর প্রার্থিত বিষয়ে শিক্ষা গ্রহণের স্বপ্ন কি ধূলিসাৎ হয়ে যাচ্ছে না? নষ্ট হচ্ছে না আমার মতো অনেকের মূল্যবান একটি শিক্ষা বৎসর? একটা সুষ্ঠু সুরাহা ও যথাযথ প্রতিকার হওয়া উচিত। এব্যাপারে মাননীয় শিক্ষা-মন্ত্রী ও সংশ্লিষ্ট উর্ধ্বতন সংশ্লিষ্ট কর্তৃ-পক্ষের সুদৃষ্টি কামনা করছি।

রোজিনা আক্তার
প্রযত্নেঃ মোঃ রুহুল আমীন
১২০/১৩, দক্ষিণ শাজাহানপুর
ঢাকা।